



Institutional Quality Assurance Cell (IQAC)

QAP/A-008

Shahjalal University of Science and Technology, Sylhet-3114, Bangladesh

Telephone: +880-821-717850, 714479, 713850 Ext- 249

Email: iqac-off@sust.edu, iqac-dir@sust.edu, iqac-ad@sust.edu



তারিখঃ ২১ই মে, ২০১৮

শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে ইন্সটিটিউশনাল কোয়ালিটি অ্যাসুরেন্স সেল (আইকিউএসি) এর তত্ত্বাবধানে দুইদিন ব্যাপী “**Review of EPR Recommendation for Development and Management of Quality Assurance**” অনুষ্ঠিত হয়।

রবিবারও সোমবার সকাল সাড়ে ১০ ঘটিকায় ইন্সটিটিউশনাল কোয়ালিটি অ্যাসুরেন্স সেল (আইকিউএসি) এর সেমিনার কক্ষে কর্মশালাটি অনুষ্ঠিত হয়।

আইকিউএসির পরিচালক অধ্যাপক ড. আবদুল আউয়াল বিশ্বাসের সভাপতিত্বে কর্মশালায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের মাননীয় উপাচার্য অধ্যাপক ফরিদ উদ্দিন আহমেদ এবং সঞ্চালনায় ছিলেন আইকিউএসির অতিরিক্ত পরিচালক অধ্যাপক ড. মোঃ আশরাফুল আলম।

প্রধান অতিথির বক্তব্যে শাবি উপাচার্য অধ্যাপক ফরিদ উদ্দিন আহমেদ বলেন, পুরনো বিশ্ববিদ্যালয় হওয়া সত্যেও অন্যান্য বিশ্ববিদ্যালয়ের চেয়ে শাবির অবস্থা অত্যন্ত খারাপ। শাবির শিক্ষকরা অনেক দিক থেকে বঞ্চিত। শাবির সমস্যাগুলো সমাধানের জন্য স্বল্প মেয়াদী, মধ্য মেয়াদী ও দীর্ঘ মেয়াদী পরিকল্পনা নেওয়া হয়েছে।

আইকিউএসির পরিচালক প্রফেসর ড. আবদুল আউয়াল বিশ্বাস বিশ্ববিদ্যালয়ের শিক্ষা কার্যক্রম সুন্দর ভাবে পরিচালনা করার জন্য এবং বিশ্ববিদ্যালয়কে একটি আন্তর্জাতিক মানের বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় হিসেবে গড়ে তোলার জন্য পনের শত কোটি টাকা বাজেট বরাদ্দ দেওয়ার জন্য ইউজিসি ও সরকারের প্রতি আহবান জানান।

(প্রফেসর ড. আবদুল আউয়াল বিশ্বাস)

পরিচালক, আইকিউএসি

শাবিপ্রবি, সিলেট-৩১১৪।